

রেজিষ্ট্রারের কার্যালয়
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা/ ৯৫৫ (৩০)

তারিখ : ২৭/০৯/১৪

বিজ্ঞপ্তি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে(২০১৪ ব্যাচ থেকে ২০১৭ ব্যাচ পর্যন্ত) অধ্যয়নরত সকল ছাত্র/ছাত্রীদের জন্য “KUETians@Qatar Scholarship Fund”, "রমিজ উদ্দিন মোল্লা স্মৃতি ট্রাস্ট", ডাঃ মোঃ নাসিম উদ্দিন ক্যাশ ওয়াকফ সার্টিফিকেট বৃত্তি", ডক্টরস ফাতেমা ও মুহাম্মদ হারুনুর রশিদ স্কলারশীপ ফান্ড" এবং "কুয়েট এক্সিলেন্স ফাউন্ডেশন" এর পক্ষ হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বৃত্তি প্রদান করা হবে। আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে নির্ধারিত ফরমে (যাহা শিক্ষা শাখা হতে সরবরাহ করা হবে) সর্বশেষ পরীক্ষার সনদপত্র/গ্রেডশীটের সত্যায়িত কপিসহ আবেদনপত্র আগামী ১১/১০/২০১৮ ইং তারিখের মধ্যে শিক্ষা শাখায় জমা দেওয়ার জন্য বলা যাচ্ছে।

শর্ত সমূহ :

- ১) প্রার্থীকে অবশ্যই গরীব ও মেধাবী বাংলাদেশী ছাত্র/ছাত্রী হতে হবে।
- ২) রমিজ উদ্দিন মোল্লা স্মৃতি ট্রাস্ট এর ক্ষেত্রে মঞ্জুরীকৃত বৃত্তির টাকা ০৬ (ছয়) মাস অন্তর ০২ (দুই) কিস্তিতে প্রদান করা হবে।
- ৩) অন্যান্য স্কলারশীপ ফান্ড/ট্রাস্ট এর টাকা এককালীন মঞ্জুর করা হবে।
- ৪) পড়াশুনার সন্তোষজনক অগ্রগতি সাপেক্ষে এই বৃত্তি প্রদান করা হবে।
- ৫) বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের স্কলারশীপ ফান্ড/ট্রাস্টের যাবতীয় আইন কানুন মেনে চলতে হবে।
- ৬) আবেদনকারীর বিরুদ্ধে আইন শৃংখলার পরিপন্থী কোন কাজের সাথে জড়িত থাকার অভিযোগ পাওয়া গেলে আবেদনপত্র/বৃত্তি বিনা নোটিশেই বাতিল বলে গণ্য হবে।
- ৭) একটি শিক্ষা বর্ষের জন্য উক্ত বৃত্তি মঞ্জুর করা হবে।
- ৮) আবেদনপত্র বিভাগীয় প্রধান ও হল প্রভোস্টের সুপারিশক্রমে দাখিল করতে হবে।
- ৯) বৃত্তি প্রদানের জন্য স্কলারশীপ ফান্ড/ট্রাস্টের নীতিমালা অনুযায়ী এতদসংক্রান্ত গঠিত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০) অন্য কোন উৎস থেকে যারা বার্ষিক ১০,০০০/- (দশ হাজার) টাকা বা তার উর্ধ্বে বৃত্তি পায়, তাদের আবেদন করার প্রয়োজন নেই এবং অন্য উৎস থেকে বৃত্তি না পাওয়া প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। কোন ছাত্র/ছাত্রী অন্য কোন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত বৃত্তির কথা গোপন করলে তার বিরুদ্ধে কর্তৃপক্ষ যে কোন ব্যবস্থা নিতে পারবে।

Slam
27/09/18

(প্রফেসর ডঃ মোঃ সাইফুল ইসলাম)

সভাপতি

এ সংক্রান্ত গঠিত বৃত্তি প্রদান কমিটি
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা ---- ৯৫৫ (৩০)

তারিখ : ২৭/০৯/১৪ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য দেওয়া হলে :

- ১) ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২) সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। সকল ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৩) সকল হল প্রভোস্ট, হল সমূহ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪) চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
- ৫) সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬) নথি।